গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা শাখা
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নম্বর- ৫৮.০২.০০০০.০০৭.২৯.০০৩.২৪ - ৫৪২

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪৩২ / ২০ নভেম্বর ২০২৫

বিষয়: ওয়েবসাইটে মাসিক বুলেটিন (নভেম্বর/২০২৫) সংখ্যা আপলোডের অনুরোধ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক অনলাইন বুলেটিন নভেম্বর/২০২৫ সংখ্যা সম্পাদনা পর্ষদ কর্তৃক প্রস্তুত করা হয়েছে। উক্ত বুলেটিনের অনলাইন সংখ্যা নভেম্বর/২০২৫ ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

মোস্তাক আহমেদ
২০/১১/২৫
(মোস্তাক আহমেদ)
সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)
প্রতিকল্প কর্মকর্তা

প্রোগ্রামার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা

বিতরণ
১) পরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২) অতিরিক্ত পরিচালক, গোয়েন্দা অধিশাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৩) উপপরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৪) সহকারী পরিচালক (জনসংযোগ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৫) মহাপরিচালকের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬) অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) অফিস কপি

# মাসিক বুলেটিন, নভেম্বর-২০২৫
## অনলাইন সংখ্যা-৪৯
## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

মাদকাসক্তিমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়কে সামনে রেখে দেশে মাদকের অপব্যবহার ও অবৈধ পাচাররোধে অতন্দ্র প্রহরীর ন্যায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। অধিদপ্তরের অপারেশনাল কার্যক্রমের মাধ্যমে একদিকে মাদকের অপব্যবহার রোধ, সরবরাহ হ্রাস এবং চোরাচালানে জড়িতদের আইনের আওতায় নিয়ে আসা হচ্ছে, একই সাথে মাদকবিরোধী গণসচেতনতা সৃষ্টি এবং মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন কার্যক্রম চলমান রয়েছে।

অপারেশনাল কার্যক্রমের অংশ হিসেবে অধিদপ্তর কর্তৃক অক্টোবর/২০২৫ মাসে সারাদেশে সর্বমোট ৮৪৯৪টি অভিযান পরিচালনা করে ২৬০৪ টি মামলা রুজু এবং ২৭৫০ জন আসামি গ্রেফতার করা হয়েছে যা মাদকবিরোধী সার্বিক কার্যক্রমকে প্রতিনিয়ত গতিশীল করছে। পাশাপাশি গ্রেফতারকৃত আসামিদের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮(২০২০ সাল পর্যন্ত সংশোধনীসহ) প্রয়োগের মাধ্যমে মৃত্যুদন্ড, যাবজ্জীবন ও অর্থদন্ডসহ বিভিন্ন মেয়াদে সাজা প্রদান করা হচ্ছে।

গণসচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসাবে অধিদপ্তর কর্তৃক অক্টোবর/২০২৫ মাসে বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে মাদকবিরোধী সভা/সেমিনার/ওয়ার্কশপ হয়েছে ১৮টি, শিক্ষা প্রতিষ্ঠানে এসেম্বলিতে/শ্রেণি কক্ষে মাদকবিরোধী বক্তৃতা প্রদান ৯২টি এবং ১৫টি মাদকবিরোধী খেলাধুলা আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে মাদকের অপব্যবহারের কুফল সম্পর্কে অবহিত করা হয়েছে। এছাড়াও সরকারী/বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী স্লোগান সংবলিত ৫৬০০টি কলম, ৪৩৫০টি খাতা, ৪২২০টি স্কেল, ৩৩৫৯টি জ্যামিতি বক্স, ২৯৯৪০টি লিফলেট, ৮৮টি এক্রিলিক পিভিসি বোর্ড স্থাপন এবং ৪৬২০টি স্টিকার বিতরণ করা হয়েছে।

অধিদপ্তরের আওতাধীন সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোতে নতুন ও পুরাতন মিলিয়ে অক্টোবর/২০২৫ মাসে ৩১৯জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ঢাকা কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারসহ ৫টি বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগারসমূহের অক্টোবর/২০২৫ মাসে সর্বমোট ১৬৭৯টি নমুনার পরীক্ষা সম্পন্ন করা হয়েছে, যা অধিদপ্তর কর্তৃক রুজুকৃত মামলার তদন্তকে ত্বরান্বিত করছে। অক্টোবর/২০২৫ মাসে নবযোগদানকৃত হিসাবরক্ষক, কম্পিউটার অপারেটর এবং গাড়ি চালকদের "অফিস ব্যবস্থপনা" বিষয়ক ও সঞ্জীবনী প্রশিক্ষণ" কোর্স (৩য় ব্যাচ)" প্রশিক্ষণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের ২২৮০ ঘন্টা প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অধিদপ্তরের জনবল কাঠামোকে জ্ঞানভিত্তিক ও যুগোপযোগী করে গড়ে তোলার প্রয়াস অব্যাহত আছে।

বর্তমান মহাপরিচালক জনাব মো: হাসান মারুফ এর সুযোগ্য নেতৃত্বে নানামুখী যুগোপযোগী পদক্ষেপের মাধ্যমে মাদকাসক্তিমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়কে সফল করার জন্য অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক অক্টোবর/২০২৫ মাসে পরিচালিত অভিযান, দায়েরকৃত মামলা, গ্রেফতারকৃত আসামী ও উদ্ধারকৃত আলামতের বিবরণ:**

| অক্টোবর/২০২৫ | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| অভিযান | মামলা | আসামী | আলামত: মাদকদ্রব্য | | অন্যান্য | |
| ৮৪৯৪ | ২৬০৪ | ২৭৫০ | ইয়াবা | ৪৪৭৪৭০ পিস | যানবাহন | ৩০ টি |
| | | | হেরোইন | ০.৪৭৩ কেজি | মোবাইল সেট | ৮২ টি |
| | | | গাঁজা | ৫৯৩.০৮২ কেজি | পিস্তল | ২ টি |
| | | | কোকেন | ০.০০২ কেজি | গুলি | ৬ রাউন্ড |
| | | | ফেন্সিডিল | ১১৫০ বোতল | নগদ অর্থ | ১৫,২৭,০০৯/- |
| | | | এসকফ সিরাপ | ৫৯ বোতল | | |
| | | | দেশী মদ | ৩ লিটার | | |
| | | | বিদেশী মদ | ২২.৪৭৫ লিটার | | |
| | | | বিদেশী মদ | ১৫৩ বোতল | | |
| | | | বিয়ার | ১২ ক্যান | | |
| | | | চোলাই মদ | ১১২৬.৫১ লিটার | | |
| | | | ওয়াশ | ৪৭১৫লিটার | | |
| | | | শিশা | ৩ কেজি | | |
| | | | ইনজেক্টিং ড্রাগ | ৬০৭ এ্যাম্পুল | | |
| | | | ট্যাপেন্টাডাল | ১৭৪৯৩ পিস | | |
| | | | রেক্টিফাইট স্পিরিট | ২৩.৪১ লিটার | | |
| | | | ডিনেচার্ড স্পিরিট | ৩২৫ লিটার | | |
| | | | হুক্কা | ৫ টি | | |
| | | | ইয়াবা গুড়া | ০.০২৫ কেজি | | |
| | | | ডান্ডি | ০.০৫ কেজি | | |

সূত্র: অপারেশন অধিশাখা, ডিএনসি

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে প্রধান কার্যালয় কর্তৃক অক্টোবর/২০২৫ মাসে পরিচালিত প্রশিক্ষণ কোর্সের তালিকা:**

| ক্র: নং | কোর্সের নাম ও প্রশিক্ষণের স্থান | তারিখ | সংখ্যা | ১ম শ্রেণি (ঘন্টা ) | ২য় শ্রেণি (ঘন্টা) | তৃতীয় শ্রেণি (ঘন্টা ) | ৪র্থ শ্রেণি (ঘন্টা) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | "নবযোগদানকৃত হিসাবরক্ষক, কম্পিউটার অপারেটর এবং গাড়িচালকদের "অফিস ব্যবস্থপনা" বিষয়ক প্রশিক্ষণ<br>স্থান: অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭) | ১২ অক্টোবর-১৩ অক্টোবর ২০২৫ | ১ | -- | -- | ৪৩×২×৮= ৬৮৮ ঘন্টা | -- |
| ২ | "সঞ্জীবনী প্রশিক্ষণ" কোর্স (৩য় ব্যাচ<br>স্থান: হোটেল লা ভিসতা, সিলেট | ২৩ অক্টোবর-২৬ অক্টোবর ২০২৫ | ১ | ৩×৬০= ১৮০ ঘন্টা | -- | ১৩×৬০= ৭৮০ ঘন্টা | ২২×৬০= ১৩২০ ঘন্টা |
| | | | মোট | ১৮০ ঘন্টা | -- | ৭৮০ ঘন্টা | ১৩২০ ঘন্টা |
| সর্বমোট= ২২৮০ ঘন্টা | | | | | | | |

সূত্র: প্রশাসন অধিশাখা, ডিএনসি

### মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অক্টোবর/২০২৫ মাসের গণসচেতনতামূলক কার্যক্রমের পরিসংখ্যান (বিভাগ ভিত্তিক):

| বিভাগীয় কার্যালয়ের নাম | ঢাকা | চট্টগ্রাম | রাজশাহী | খুলনা | বরিশাল | রংপুর | সিলেট | ময়মনসিংহ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| জেলা/উপজেলা পর্যায়ে মাদক বিরোধী সভা/ওয়ার্কশপ সেমিনার আয়োজন | ০২ | ০৫ | ০৪ | ০০ | ০০ | ০০ | ০০ | ০৭ | ১৮ |
| মাদক বিরোধী স্লোগান সংবলিত লিফলেট বিতরণ | ৬২৫০ | ৭৩৫০ | ৪৬০০ | ২৬৫০ | ১৫০০ | ২৮৯০ | ১২০০ | ৩৫০০ | ২৯৯৪০ |
| মাদক বিরোধী স্লোগান সংবলিত এক্রিলিক পিভিসি বোর্ড বিতরণ | ০০ | ০০ | ০০ | ৫৬ | ০০ | ১০ | ০২ | ২০ | ৮৮ |
| মাদক বিরোধী স্লোগান সংবলিত স্টিকার বিতরণ | ০০ | ৯০০ | ৭০০ | ১৬৫০ | ৫৫০ | ৭০ | ৭৫০ | ০০ | ৪৬২০ |
| মাদক বিরোধী স্লোগান সংবলিত কলম বিতরণ | ১৮৫০ | ৭৩০ | ৫৫০ | ৭৫০ | ০০ | ৭৫০ | ৩৫০ | ৬২০ | ৫৬০০ |
| মাদকবিরোধী স্লোগান সংবলিত জ্যামিতি বক্স বিতরণ | ১১০০ | ৬৭৪ | ৪৫৫ | ২৩০ | ০০ | ০০ | ১০০ | ৮০০ | ৩৩৫৯ |
| মাদকবিরোধী স্লোগান সংবলিত স্কেল বিতরণ | ১০০০ | ৫০০ | ৫৩০ | ৩৪০ | ০০ | ৭০০ | ৩০০ | ৮৫০ | ৪২২০ |
| মাদক বিরোধী স্লোগান সংবলিত খাতা বিতরণ | ১৪৫০ | ৪১০ | ২৮০ | ১৭৬০ | ০০ | ১০০ | ৩৩০ | ২০ | ৪৩৫০ |
| শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক মাদকবিরোধী আলোচনা সভা/ বক্তৃতা | ১৭ | ১৭ | ০৯ | ১৬ | ০৪ | ১৬ | ১০ | ০৩ | ৯২ |
| অভিযানকালে মাদকবিরোধী বক্তৃতা প্রদান | ৩০ | ১৭ | ০৮ | ১৮ | ৩২ | ০০ | ০৬ | ০৮ | ১১৯ |
| শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী খেলাধুলা | ০০ | ০৫ | ০৫ | ০০ | ০১ | ০১ | ০০ | ০৩ | ১৫ |
| শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী প্রশিক্ষক/মেন্টর তৈরী | ০০ | ০০ | ০২ | ০০ | ০০ | ০৩ | ০০ | ০০ | ০৫ |
| ধর্মীয় প্রতিষ্ঠান ,ক্লাব, এনজিও ও সামাজিক সংগঠনের মাধ্যমে আলোচনা সভা ও শর্ট ফিল্ম/টিভিসি/ডকুমেন্টারি ইত্যাদি প্রর্দশন | ১৩ | ১০ | ০৫ | ০২ | ০১ | ০৩ | ০০ | ০৪ | ৩৮ |

সূত্র : নিরোধ শিক্ষা অধিশাখা, ডিএনসি

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আওতাধীন ৫টি বিভাগের কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে অক্টোবর/২০২৫ মাসে মামলার নমুনা পরীক্ষার পরিসংখ্যান:**

| বিভাগ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | বাংলাদেশ পুলিশ | রেলওয়ে পুলিশ | অন্যান্য | রাসায়নিক পরীক্ষা সম্পন্ন | | সর্বমোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | পজেটিভ | নেগেটিভ | | |
| কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার ঢাকা | ৫৭৬ | ২২৪ | -- | ২ | ৮০২ | -- | ৮০২ | - |
| রাসায়নিক পরীক্ষাগার চট্টগ্রাম | ১৭০ | ১৮২ | -- | -- | ৩৫১ | ১ | ৩৫২ | - |
| রাসায়নিক পরীক্ষাগার রাজশাহী | ২১০ | -- | -- | ৩ (বিজিবি) | ২১০ | ৩ | ২১৩ | - |
| রাসায়নিক পরীক্ষাগার বরিশাল | ৩১ | -- | -- | -- | ৩১ | -- | ৩১ | - |
| রাসায়নিক পরীক্ষাগার সিলেট | ৮৮ | ১৯৩ | -- | -- | ২৮১ | -- | ২৮১ | - |
| সর্বমোট | ১০৭৫ | ৫৯৯ | -- | ৫ | ১৬৭৫ | ৪ | ১৬৭৯ | - |

সূত্র: রাসায়নিক পরীক্ষাগার, ডিএনসি

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আওতাধীন মাদকাসক্তি নিরাময় কেন্দ্র কর্তৃক অক্টোবর/২০২৫ মাসে চিকিৎসা সেবা প্রদানের পরিসংখ্যান :**

| সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে চিকিৎসা গ্রহণকারী রোগীর পরিসংখ্যান | | | |
|---|---|---|---|
| কেন্দ্রের নাম | নতুন | পুরাতন | মোট |
| কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা | ১০৬ জন | ১২২ জন | ২২৮ জন |
| বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী | ২৫ জন | ০৯ জন | ৩৪ জন |
| বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ,চট্রগ্রাম | ২৪ জন | ৩৩ জন | ৫৭ জন |
| | মোট=১৫৫ | মোট=১৬৪ | সর্বমোট= ৩১৯ |

সূত্র: চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা, ডিএনসি



৮ অক্টোবর ২০২৫ তারিখ UNODC এর প্রতিনিধিগণের সাথে ডিএনসি প্রধান কার্যালয়ে National Targeting Center স্থাপনের সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মো: হাসান মারুফ




৩০ অক্টোবর ২০২৫ তারিখ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে সদ্য পদোন্নতিপ্রাপ্ত উপপরিচালকগণের র‍্যাংক ব্যাজ পরিধান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মো: হাসান মারুফ




১৫ অক্টোবর ২০২৫ তারিখ চট্টগ্রাম মেট্রো কার্যালয়, (উত্তর) কর্তৃক "সচেতনতা ও মাদকমুক্ত ক্যাম্পাস তৈরিতে ছাত্র শিক্ষকের ভূমিকা" শীর্ষক মাদকবিরোধী সেমিনার অনুষ্ঠিত



২৭ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, যশোর কর্তৃক মাদকবিরোধী ফুটবল প্রতিযোগীতা -২০২৫ অনুষ্ঠিত





২৮ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, টাঙ্গাইল কর্তৃক মাদকবিরোধী বির্তক প্রতিযোগীতা অনুষ্ঠিত



২৮ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, ঢাকা কর্তৃক "তারুণ্যের উৎসব-২০২৫" মাদকবিরোধী সচেতনতামূলক ক্রীড়া প্রতিযোগীতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত




২৮ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, দিনাজপুর কর্তৃক মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্ট-২০২৫, সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত



৯ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, মুন্সিগঞ্জ কর্তৃক অভিযান পরিচালনা করে ১৮,০০০ পিস ইয়াবাসহ ১ জন আসামী গ্রেফতার

Jannat মোস্তাক




১১ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, বগুড়া কর্তৃক অভিযান পরিচালনা করে ১০০ গ্রাম হেরোইনসহ ১ জন আসামী গ্রেফতার




১২ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, যশোর কর্তৃক অভিযান পরিচালনা করে ১০,০০০ পিস ইয়াবাসহ ১ জন আসামী গ্রেফতার



১৫ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক অভিযান পরিচালনা করে ৩০ কেজি গাঁজাসহ ২ জন আসামী গ্রেফতার



১৪ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, পাবনা কর্তৃক অভিযান পরিচালনা করে ১১,০০০ পিস ইয়াবা উদ্ধার




১৮ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, ঢাকা কর্তৃক অভিযান পরিচালনা করে ১৯,২০০ পিস ইয়াবাসহ ১ জন আসামী গ্রেফতার




১৯ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, ঢাকা কর্তৃক অভিযান পরিচালনা করে ৫,০০০ পিস ইয়াবাসহ ১ জন আসামী গ্রেফতার



২০ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, বান্দরবান কর্তৃক অভিযান পরিচালনা করে ৭০,০০০ পিস ইয়াবাসহ ২ জন আসামী গ্রেফতার



২১ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, নীলফামারী কর্তৃক অভিযান পরিচালনা করে ২০ কেজি গাঁজাসহ ২ জন আসামী গ্রেফতার




২২ অক্টোবর ২০২৫ তারিখ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ময়মনসিংহ কর্তৃক অভিযান পরিচালনা করে ১৫ কেজি ৪০০ গ্রাম গাঁজাসহ ২ জন আসামী গ্রেফতার



২৬ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, দিনাজপুর কর্তৃক অভিযান পরিচালনা করে ৬২ কেজি গাঁজাসহ ২ জন আসামী গ্রেফতার



২৭ অক্টোবর ২০২৫ তারিখ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ময়মনসিংহ কর্তৃক অভিযান পরিচালনা করে ৯,৭৪০ পিস ইয়াবাসহ ২ জন আসামী গ্রেফতার




২৭ অক্টোবর ২০২৫ তারিখ জেলা কার্যালয়, বগুড়া কর্তৃক অভিযান পরিচালনা করে ৬,০০০ পিস ইয়াবাসহ ২ জন আসামী গ্রেফতার




২৯ অক্টোবর ২০২৫ তারিখ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ময়মনসিংহ কর্তৃক অভিযান পরিচালনা করে ২১ কেজি গাঁজাসহ ১ জন আসামী গ্রেফতার




সূত্র: জনসংযোগ শাখা, ডিএনসি